গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-৭৯ তারিখঃ ১৭/০৪/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের মার্চ, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত মার্চ, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরুপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো ।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ২০ এপ্রিল, ২০১৬ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন ; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **এপ্রিল,** ২০১৬ মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ২০ এপ্রিল, ২০১৬** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

সংযুক্তিঃ বর্ণনামতে ১৪ (চৌদ্দ) পাতা।

স্বাক্ষরিত
(শাহনাজ বেগম নীনা)
উপ-সচিব
উপ-পরিচালক(আরইটিসি)
ফোনঃ ৯১৪০৯৯৫।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):
১। --

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তরের মার্চ, ২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।
তারিখ : ৩১ মার্চ, ২০১৬ খ্রিঃ।
সময় : ১২:০০ ঘটিকা
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'খ'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১	গত ২৮/০২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২৮/০২/২০১৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। **সিদ্ধান্ত-১:** ২৮/০২/২০১৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	**বাস্তবায়নঃ** প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২	বাজার দর পর্যালোচনাঃ	**আলোচনাঃ** উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) বাজার মূল্য পরিস্থিতি নিয়ে বর্তমান মাসে, গত মাসে, গত বছরের একই সময়ে বাজার পরিস্থিতি কি ছিল তৎসম্পর্কিত একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন (পরিশিস্ট-'খ')। ঢাকা মহানগরী, ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগের বাজার দর পর্যালোচনা প্রতিবেদন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: প্রতিমাসে সমন্বয় সভার শুরুতে বাজার মূল্য পরিস্থিতি নিয়ে বর্তমান মাসে, গত মাসে, গত বছরের একই সময়ে বাজার পরিস্থিতি কি ছিল (পণ্যের হ্রাস/বৃদ্ধির ক্ষেত্রে কারণ এবং কি পদক্ষেপ নিতে হবে তা উল্লেখ পূর্বক মতামতসহ) তৎসম্পর্কিত একটি প্রতিবেদন আবশ্যিকভাবে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।
		সিদ্ধান্ত-২: ঢাকা মহানগরীর বাজার দরের সাথে বিভাগীয় বাজার দরের তুলনামুলক বিশ্লেষণ পূর্বক অতিরিক্ত হ্রাস/বৃদ্ধির কারণ এবং কি পদক্ষেপ নিতে হবে তা উল্লেখ পূর্বক প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।
		সিদ্ধান্ত-৩: ঢাকা মহানগরীর বাজার দরের সাথে বিভাগীয় বাজার দরের বর্তমান মাসে, গত মাসে, গত বছরের একই সময়ে বাজার পরিস্থিতি কি ছিল তা লেখচিত্রের মাধ্যমে প্রত্যেক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। জনাব মোহাম্মদ রেজা আহমেদ খান সহকারী প্রধান।

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
৩	৩.১: বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ	**আলোচনাঃ** উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) সভায় বলেন, বাজারে মূল্য প্রদর্শনী বোর্ড স্থাপণ ও নিয়মিতভাবে লিখন/সংশোধন কার্যক্রম অব্যাহত আছে। ইতোমধ্যে ঢাকা বিভাগে-২৭টি, খুলনা বিভাগে-২৬টি, চট্টগ্রাম বিভাগে-৩৬টি ও রাজশাহী বিভাগে-৩৪টিসহ মোট-১২৩টি বাজার মূল্য প্রদর্শনী বোর্ড স্থাপণ করা হয়েছে। বাজার তথ্য ও পরিসংখ্যান শাখার উপর আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপিত বোর্ডসমূহে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংগৃহীত ও নির্দ্ধারিত যৌক্তিক মূল্য লিখনের বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে আলোচনা পূর্বক বোর্ডে মূল্য লিখনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।
		সিদ্ধান্ত-২: জেলা পর্যায় হতে প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়সমুহ উল্লেখ করে একটি অনুশাসন পত্র জারী করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। সহকারী পরিচালক (প্রশাসন)।
		সিদ্ধান্ত-৩: বাজার দর প্রদর্শনী বোর্ডে মূল্য লিখনের বিষয়ে প্রত্যেক বাজারের বাজার কমিটিকে পত্র প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।
	৩.২: জেলা পর্যায়ে কৃষিপণ্যের খুচরা বাজারমূল্য সহনীয় পর্যায়ে রাখা	**আলোচনাঃ** বাজার মূল্য সহনীয় রাখার লক্ষ্যে বাজার মনিটরিং-এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কার্যক্রম জোরদার করতে অধিদপ্তর হতে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং যৌক্তিক মূল্যে ক্রয়-বিক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় গৃহীত পদক্ষেপ ও এতদসংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন মাসিক ভিত্তিরে মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করতে নির্দেশ প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: বাজারে যৌক্তিক মূল্য নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ০৪টি কমিটিকে প্রত্যেক মাসে কমপক্ষে ০১টি বাজার পরিদর্শন পূর্বক প্রতিবেদন নিয়মিতভাবে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)। মার্কেট মনিটরিং এর জন্য গঠিত কমিটির সকল কর্মকর্তা।
	৩.৩: দেশে ক্রমবর্ধমান উৎপাদিত সবজি প্রক্রিয়াকরণ পূর্বক বাজারজাতকরণের বিষয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ	**আলোচনাঃ** সভায় জানানো হয়, কৃষি বিপণন অধিদপ্তরের ম্যানডেটভূক্ত কাজ হিসেবে স্থানীয় কৃষক গুপের সদস্যদের সম্পৃক্ত করে তাদের উৎপাদিত সবজি প্রক্রিয়াজাতকরণ পূর্বক উপর্যুক্ত প্যাকেজিং-এর মাধ্যমে স্থানীয় বাজারে বাজারজাতকরণে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগীতা প্রদান করার ক্ষেত্রে কার্যকরী উদ্যোগ গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: দেশে ক্রমবর্ধমান উৎপাদিত সবজি প্রক্রিয়াকরণ পূর্বক বাজারজাতকরণে কার্যকরী পদক্ষেপ-এর বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা পূর্বক দিক নির্দেশনাসহ বিভাগীয় ও জেলা কার্যালয়সমুহে পত্র প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়
শাখা ভিত্তিক</th><th>সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা</th></tr>
<tr><td rowspan="5">৪</td><td rowspan="5">গবেষণা শাখা</td><td>আলোচনাঃ গবেষণা শাখায় প্রদত্ত যাবতীয় দায়িত্বাবলী যেমনঃ Charter of duties, Market Situation-অনুযায়ী প্রধান প্রধান পণ্যের Analytical Report, Cost of Production, Price Spread, Price Projection, Supply Chain Development, Market Linkage-ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় দেখা যায় পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের জন্য দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও অদ্যাবধি কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। সহকারী প্রধান জনাব মোহাম্মদ রেজা আহমেদ খান সভাকে অবহিত করেন যে, কৃষি বিপণন অধিদপ্তরের Crop Calender-এর বিষয়ে একটি ছক প্রস্তুত পূর্বক ডিএমও/ডিএমআইগণ-এর নিকট প্রেরণ করা হয়েছে এবং ইতোমধ্যে ২০টি জেলা হতে তথ্যাদি পাওয়া গেছে। প্রধান প্রধান ১০টি কৃষিপণ্যের মোট চাহিদা ও যোগানের পরিমাণ (Crop Demand) নির্ণয়ের লক্ষ্যে ১০টি কৃষিপণ্য নির্ধারণ করা হয়েছে। পদ্ধতি উদ্ভাবনের কাজ চলমান আছে। গবেষণা শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।</td><td></td></tr>
<tr><td>সিদ্ধান্ত-১: দাখিলকৃত Charter of duties-অনুযায়ী প্রশাসন শাখা চুড়ান্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।</td><td>প্রশাসন শাখা।</td></tr>
<tr><td>সিদ্ধান্ত-২: দীর্ঘ সময় অতিক্রম করার পরও যে সকল দায়িত্বাবলী অদ্যাবধি প্রতিপালিত/বাস্তবায়ন করা হয়নি সে সকল বিষয়ে পরবর্তী সভায় প্রধান (গবেষণা ও উন্নয়ন) তাঁর লিখিত মতামত উপস্থাপন করবেন।</td><td>প্রধান (গবেষণা ও উন্নয়ন)।</td></tr>
<tr><td>সিদ্ধান্ত-৩: সদর দপ্তর হতে প্রেরিত ছক অনুযায়ী সকল জেলার তথ্য প্রাপ্তির পর Crop Calender Update- করে অনুমোদনের জন্য মহাপরিচালক বরাবর দ্রূত উপস্থাপন করতে হবে।</td><td>জনাব মোহাম্মদ রেজা আহমেদ খান
সহকারী প্রধান।</td></tr>
<tr><td>সিদ্ধান্ত-৪: নির্ধারিত ১০টি কৃষিপণ্যের মোট চাহিদা ও যোগানের পরিমাণ (Crop Demand) নির্ণয়ের লক্ষ্যে একটি পদ্ধতি উদ্ভাবন পূর্বক জরুরী ভিত্তিতে তা বাস্তবায়নে উদ্যোগ নিতে হবে।</td><td>জনাব মোহাম্মদ রেজা আহমেদ খান
সহকারী প্রধান।</td></tr>
<tr><td rowspan="2">৫</td><td rowspan="2">আরইটিসি শাখা</td><td>আলোচনাঃ সহকারী পরিচালক (বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ) সভায় জানান, প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে জেলা প্রশাসকের সুপারিশসহ ২৬ টি জেলা হতে প্রজ্ঞাপিত বাজারের প্রস্তাব পাওয়া গেছে। বিজি প্রেসে যোগাযোগ করে জানা যায় যে, ৬৪ টি জেলা বাজার উপদেষ্টা কমিটির তালিকা কম্পোজের কাজ চলমান রয়েছে এবং Non-Tax-রেভিনিউ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।</td><td></td></tr>
<tr><td>সিদ্ধান্ত-১: বিভাগীয় উপ-পরিচালকগণ প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে</td><td>আরইটিসি শাখা
(বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ)।</td></tr>
</table>

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
		প্রত্যেক জেলা হতে প্রজ্ঞাপিত বাজার করার উপযুক্ত বাজারের প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সুপারিশসহ প্রেরণের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখবেন।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-২: প্রজ্ঞাপিত বাজারের প্রস্তাব ৫০ এর অধিক হলে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-৩: ঢাকাসহ সকল জেলার নিয়ন্ত্রিত বাজারসমুহের বাজার সমিতিসমুহকে তালিকাভূক্তির জন্য উদ্যোগ নিতে হবে।	উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-৪: মার্কেট চার্জ বিষয়ে জেলা কার্যালয়সমুহ হতে প্রাপ্ত তথ্য কম্পাইল করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-৫: বিভাগীয় কার্যালয়সমুহ নন-ট্যাক্স রেভিনিউ আদায় আরোও বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করবে। রংপুর ও সিলেট বিভাগ আলাদা নন-ট্যাক্স রেভিনিউ আদায় প্রতিবেদন দাখিল করবে।	উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
৬	৬.১: পরিকল্পনা ও উন্নয়ন শাখা	**আলোচনাঃ** উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কৃষি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত দিক-নির্দেশনার আলোকে এবং এডিপি'র সবুজ পাতায় অন্তর্ভূক্তির নিমিত্ত পূর্বের ২টি প্রকল্প ছাড়া বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধা সম্প্রসারণের মাধ্যমে বিপণনে সহায়তা প্রদান শীর্ষক প্রকল্প শিরোনামে একটি নতুন প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যার ডিপিপি প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে ফুলের বিষয়ে একটি নতুন প্রকল্প প্রস্তাবের DPP-মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের চাহিদা ও নির্দেশনা অনুযায়ী ১১টি প্রাথমিক প্রকল্পের তালিকা হতে পর্যায়ক্রমে DPP-প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। পরিকল্পনা ও উন্নয়ন শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কৃষি মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত দিক-নির্দেশনার আলোকে বাজার অবকাঠামো, পণ্য সংরক্ষণ ও পরিবহন সুবিধা সম্প্রসারণের মাধ্যমে বিপণনে সহায়তা প্রদান শীর্ষক প্রকল্পের জন্য জরুরী ভিত্তিতে আগামী সভার পূর্বেই DPP প্রস্তুত পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন)।
		সিদ্ধান্ত-২: সবুজ পাতায় অন্তভূক্তির লক্ষ্যে APSU কর্তৃক নির্বাচিত ১১টি প্রাথমিক প্রকল্পের তালিকা থেকে পর্যায়ক্রমে DPP- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন)।
	৬.২: কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অধীনে গ্রামীণ মহিলাদের কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের উপর প্রশিক্ষণ প্রদানসহ	**আলোচনাঃ** কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অধীনে গ্রামীণ মহিলাদের কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের উপর প্রশিক্ষণ প্রদানসহ প্রক্রিয়াজাত কৃষিপণ্য বাজারজাতকরণ বিষয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ বিষয়ে সভায় আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
	প্রক্রিয়াজাত কৃষিপণ্য বাজারজাতকরণ	**সিদ্ধান্ত-১**: চলমান প্রকল্পের অধীনে আয়োজিতব্য প্রশিক্ষণ কার্যক্রমে গ্রামীণ মহিলাদের সম্পৃক্ত করে বিসিকের স্থানীয় অফিসের সাথে সমন্বয়পূর্বক প্রক্রিয়াজাত কৃষিপণ্য বাজারজাতকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। নতুন প্রকল্পের DPP- প্রস্তুত কালে মহিলা উদ্যোক্তাদের সম্পৃক্ততা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় রাখতে হবে।	উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন)। প্রকল্প/উপ-প্রকল্প পরিচালক (সকল)।
৭	শস্য গুদাম ঋণ কার্যক্রম	**আলোচনাঃ** উপ-পরিচালক (শগঋক) সভায় জানান, ইতোমধ্যে ১১৫টি গুদামের মধ্যে ৮৩টি গুদামের দেয়াল লিখন ও ১০৭টি গুদামের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ এবং ৫৭টি গুদামের পুনঃজরীপের কাজ সম্পন্ন হয়েছে। শস্য গুদাম কার্যক্রমের সার্বিক অবস্থা সম্পর্কে একটি Situation Report সংগ্রহের জন্য আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর গত ২১-০১-২০১৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। শস্য গুদাম ঋণ কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: শস্য গুদাম কার্যক্রমের সার্বিক অবস্থা সম্পর্কে আগামী সভার পূর্বেই একটি Situation Report প্রস্তুত পূর্বক উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (শগঋক)। উপ-পরিচালক, ঢাকা/রাজশাহী/খুলনা।
		সিদ্ধান্ত-২: যে সমস্ত শস্য গুদাম অদৌ চালানো সম্ভব নয় সেগুলো গুদাম উপদেষ্টা কমিটির সুপারিশ/মতামতসহ বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক (শগঋক)। উপ-পরিচালক, ঢাকা/রাজশাহী/খুলনা।
		সিদ্ধান্ত-৩: স্থানীয় প্রশাসন/উপদেষ্টা কমিটির সহায়তায় যে সমস্ত শস্য গুদাম অবৈধ দখলে রয়েছে সেগুলো দখল মুক্ত করার উদ্যোগ নিতে হবে এবং পরবর্তী সভায় সে বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক (শগঋক)। উপ-পরিচালক ঢাকা/রাজশাহী/খুলনা।
		সিদ্ধান্ত-৪: শস্য গুদামের ভবিষ্যত কর্মপরিকল্পনার বিষয়ে গত APD সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ও তদানুযায়ী পদক্ষেপ নিতে হবে।	উপ-পরিচালক (শগঋক)।
৮	অধিদপ্তরের সকল স্থাবর সম্পত্তির দলিল ও কাগজ-পত্রাদি সংরক্ষণ	**আলোচনাঃ** সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, ইতোমধ্যে সকল জেলা হতে প্রাপ্ত কাগজ-পত্রাদি Compile করে প্রতিটি স্থাপণার আলাদা-আলাদা তালিকা প্রস্তুত করা হয়েছে। জমির অপরিশোধিত খাজনা এবং যেসকল স্থাপণার কাগজ-পত্রাদি কৃষি বিপণন অধিদপ্তরের নামে নেই সে বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: কৃষি বিপণন অধিদপ্তরের যে সকল স্থাপণার দলিল-পত্রাদি অন্য প্রতিষ্ঠানের নামে রয়েছে সেগুলো কৃষি বিপণন অধিদপ্তরের নামে স্থানান্তরের বিষয়ে বিভাগীয় উপ-পরিচালক এবং সহকারী পরিচালক (প্রশাসন) সংশ্লিষ্ট জেলার স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক নিস্পত্তি করবেন।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।
		সিদ্ধান্ত-২: অধিদপ্তরের নিজস্ব স্থাপনাসমুহের অপরিশোধিত খাজনা দ্রুত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
৯	অনিষ্পন্ন বিষয়াদির তালিকা, অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন	**আলোচনাঃ** সভায় জানানো হয়, প্রশাসন শাখায় বেতনসমতাকরণ এবং টেলিফোন বিল সংক্রান্ত ০৮টি এবং বাজার নিয়ন্ত্রণ ও সম্প্রসারণ শাখায় ০৫টি পত্র অনিস্পন্ন রয়েছে। কৃষি বিপণন অধিদপ্তরে রাজস্ব খাতে ০৯টি অডিট আপত্তি রয়েছে। ইতোমধ্যে সকল অডিট আপত্তির ব্রডশীট জবাব দেয়া হয়েছে। সভাপতি মহোদয় যে সকল শাখায় অনিষ্পন্ন বিষয়াদি রয়েছে তা দ্রুত নিষ্পন্ন ও আগামী সভায় এ বিষয়ে প্রতিবেদন উপস্থাপণ এবং অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: কৃষি বিপণন অধিদপ্তরের যেসব শাখায় অনিস্পন্ন বিষয়াদি রয়েছে তা দ্রুত নিস্পন্ন করে প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে প্রত্যেক শাখা প্রধানকে এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে।	প্রশাসন শাখা। প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
		সিদ্ধান্ত-২: কৃষি বিপণন অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে হিসাব রক্ষণ শাখা হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।	হিসাব শাখা।
১০	ICT শাখা	**আলোচনাঃ** সভায় জানানো হয়, যে সকল জেলা হতে টিটিইউ'র তথ্য আসছে না, সে সকল জেলার কম্পিউটারসমুহ আপডেট করে তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে আইসিটি শাখার কার্যক্রম অব্যাহত আছে। ICT শাখার কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: যে সকল জেলা হতে টিটিইউ'র তথ্য আসছে না, সে সকল জেলার কম্পিউটারসমুহ আপডেট করে তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে আইসিটি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখবে।	আইসিটি শাখা।
১১	অফিসে সময়মত উপস্থিতি	**আলোচনাঃ** কৃষি বিপণন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত ও প্রস্থান বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা প্রত্যেক দিন যথাসময়ে অফিসে উপস্থিত হচ্ছেন কিনা এ বিষয়ে শাখা প্রধানগণ দৈনিক হাজিরা খাতা তদারকি করবেন এবং তার অধীনস্থ সকল কর্মকর্তা/ কর্মচারীদের Movement পর্যবেক্ষণ কার্যক্রম অব্যহত রাখবেন।	সকল শাখা প্রধান । প্রশাসন শাখা।
১২	কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ে অকেজো অব্যবহৃত আসবাবপত্রের তালিকা প্রণয়ন ।	**আলোচনাঃ** সভায় জানানো হয়, আসবাবপত্র ও কম্পিউটার ইনভেন্টরী- করণের লক্ষ্যে গঠিত কমিটি ইতোমধ্যেই একটি সভা আহবান পূর্বক স্টক রেজিষ্টার পরীক্ষা-নিরীক্ষা করেছেন। আগামী এক সপ্তাহের মধ্যে পরবর্তী সভা আহবান করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। অকেজো কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদী Disposal-এর লক্ষ্যে ৪টি বিভাগীয় কার্যালয়ে জন্য ৪টি কারিগরি কমিটি গঠন করে ইতোমধ্যেই পত্র প্রেরণ করা হয়েছে। তবে এ পর্যন্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
		সিদ্ধান্ত-১: পুরাতন, অব্যবহৃত ও অকেজো আসবাবপত্র Disposal-এর জন্য গঠিত কমিটিসমূহের জেলা ওয়ারী চূড়ান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবেন।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।
		সিদ্ধান্ত-২: কম্পিউটারসহ অন্যান্য Electronic সামগ্রী Disposal-এর লক্ষ্যে গঠিত কমিটি দ্রুত Electronic সামগ্রী Disposal-এর ব্যবস্থা গ্রহণ করবে।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।
		সিদ্ধান্ত-৩: সংশোধিত বাজেটানুযায়ী বিভাগীয় অফিসে আসবাবপত্র এবং ট্রেনিং সেন্টারের জন্য কম্পিউটার ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।
		সিদ্ধান্ত-৪: কৃষি বিপণন অধিদপ্তর, শগঋক ও সিডিপি-এর পুরাতন কাগজপত্র ক্লারিফিকেশন অনুযায়ী ধ্বংস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রশাসন শাখা।
১৩	কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক।	**আলোচনাঃ** সভায় জানানো হয়, ২৬/১১/২০১৫ খ্রিঃ তারিখ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ইতোমধ্যে ত্রৈমাসিক দু'টি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। চুক্তিভূক্ত অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন অব্যাহত রয়েছে। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।	
		সিদ্ধান্ত-১: আগামী ২০১৬-২০১৭ অর্থবছরের APA-চুক্তির জন্য এপ্রিল ২০১৬ থেকে কার্যক্রম শুরু করতে হবে এবং নতুন কি কি বিষয় অন্তর্ভূক্ত করা যায় সে বিষয়ে মহাপরিচালক মহোদয় বরাবর মতামত প্রদান করবেন।	APA বাস্তবায়ন কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-২: ২০১৫-২০১৬ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সদর দপ্তর ও বিভাগীয় কার্যালয়সমূহ দ্রুত কার্যক্রম সম্পাদন পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে প্রতিবেদন উপস্থাপন করবে।	APA বাস্তবায়ন কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
১৪	কৃষি বিপণন অধিদপ্তরে SDG বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন।	**আলোচনাঃ** গত ২৫ সেপ্টেম্বর, ২০১৫ জাতিসংঘের ৭০তম সাধারণ অধিবেশনে বাংলাদেশসহ ১৯৩টি সদস্যদেশ ২০১৫ পরবর্তী Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন অভীষ্ট অনুমোদন করেছে। এর ধারাবাহিকতায়, কৃষি বিপণন অধিদপ্তরে এসডিজি বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: সরকারী কর্মকর্তা/কর্মচারীদের মাঝে SDGs-এর বিষয়ে জ্ঞানভিত্তিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এসডিজি-এর ১৭টি অভীষ্ট (Goals) এবং অন্তর্গত ১৬৯টি লক্ষ্য (Targets) হতে বিভাগের সাথে সংশ্লিষ্ট অভীষ্ট এবং লক্ষ্যসমূহ সনাক্ত করে সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারণ এবং বার্ষিক কর্মপরিকল্পনায় তার প্রতিফলন ঘটানোর প্রয়াস নিতে হবে। এ বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তরের APA-ফোকাল পয়েন্ট সমন্বয়কের মূল দায়িত্ব পালন করবেন।	বিভাগীয় উপ-পরিচালক (সকল)। APA-ফোকাল পয়েন্ট।

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১৫	শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি।	**আলোচনাঃ** সভায় জানানো হয়, শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। এ বিষয়ে প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। সভাপতি মহোদয় এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	শুদ্ধাচার বাস্তবায়ন কমিটি।
১৬	তথ্য অধিকার আইন	**আলোচনাঃ** সভায় জানানো হয়, Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয় ও তথ্য কমিশনে পাঠানো হচ্ছে এবং অধিক পরিমাণ তথ্য অবমুক্ত করার প্রচেষ্টা অব্যাহত আছে। তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনান্তে সভাপতি মহোদয় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।	
		সিদ্ধান্ত-১: Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পাঠাতে হবে। অধিক পরিমাণ তথ্য অবমুক্ত করার বিষয়টি অব্যাহত রাখতে হবে।	তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। ২। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।
		সিদ্ধান্ত-২: বিভাগীয় পর্যায়ে ইতোপূর্বে গঠিত কমিটি Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করবেন।	তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd

পরিশিষ্ট-'ক'

ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের খুচরা গড় বাজার দরের তুলনামূলক বিবরণী

(প্রতি কেজি/লিটার/টাকায়)

ক্রঃ নং	পণ্যের নাম	মার্চ/২০১৬ মাসের গড় বাজার দর	ফেব্রুয়ারী/২০১৬ মাসের গড় বাজার দর	মাসিক হ্রাস/বৃদ্ধি (%)	মার্চ/২০১৫ মাসের গড় বাজার দর	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)
১	চাল মাঝারী	৩৪	৩৬	-৫.৫৬%	৩৯	-১২.৮২%
২	আটা (পলিপ্যাক)	৩৩	৩৪	-২.৯৪%	৩৫	-৫.৭১%
৩	ডাল মসুর (দেশী)	১৩৫	১৩৬	-০.৭৩%	১০৬	২৭.৩৬%
৪	ডাল মসুর (আমদানীকৃত)	১০০	১০৩	-২.৯১%	৮৮	১৩.৬৪%
৫	সরিষার তৈল খোলা (১ লিটার)	১২৫	১২৫	০%	১৩৩	-৬.০২%
৬	সয়াবিন তৈল ক্যান (১ লিটার)	৯৩	৯৩	০%	১০৩	-৯.৭১%
৭	পিয়াজ (দেশী)	৩২	২৭	১৮.৫২%	৩৮	-১৫.৭৯%
৮	পিয়াজ (আমদানিকৃত)	২২	২৪	-৮.৩৩%	৩৩	-৩৩.৩৩%
৯	রসুন (দেশী)	৬৬	৯৬	-৩১.২৫%	৫৬	১৭.৮৬%
১০	রসুন (আমদানিকৃত-চায়না)	১৯৪	১৭৬	১০.২৩%	৮২	১৩৬.৫৯%
১১	আদা (দেশী)	৬১	৬৭	-৮.৯৬%	১০৩	-৪০.৭৮%
১২	আদা (আমদানিকৃত)	৬১	৬২	-১.৬১%	৯৬	-৩৬.৪৬%
১৩	কাঁচামরিচ	৩৮	৩৩	১৫.১৫%	৩৪	১১.৭৬%
১৪	রুই মাছ (দেশী)	২৪০	২২৫	৬.৬৭%	২২৮	৫.২৬%
১৫	গরুর মাংস	৩৮৩	৩৭৯	১.০৬%	৩৪৩	১১.৬৬%
১৬	মুরগী (সোনালী)	২৩৫	২১৯	৭.৩১%	২৪৩	-৩.২৯%
১৭	মুরগী (ব্রয়লার)	১৫১	১৪৪	৪.৮৬%	১৫১	০%
১৮	আলু-হল্যান্ড সাদা	১৫	১৪	৭.১৪%	১৩	১৫.৩৮%
১৯	বেগুন	২৮	১৯	৪৭.৩৭%	৩০	-৬.৬৭%
২০	মিষ্টি কুমড়া	১৭	১৭	০%	২০	-১৫%
২১	লবন (আয়োডিনযুক্ত)	২৬	২৭	-৩.৭০%	২০	৩০%
২২	চিনি (খোলা)	৪৯	৪৮	২.০৮%	৩৮	২৮.৯৫%

ঢাকা মহানগরীর বাজারদর পর্যালোচনাঃ

মাসিক

মূল্য হ্রাস (-) %		মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ৫.৫৬%, আটা (পলিপ্যাক) ২.৯৪%, ডাল মশুর (দেশী) ০.৭৩%, ডাল মশুর (আমদানীকৃত) ২.৯১%, পিঁয়াজ (আমদানীকৃত) ৮.৩৩%, রসুন (দেশী) ৩১.২৫%, আদা (দেশী) ৮.৯৬%, আদা (আমদানীকৃত) ১.৬১% ও লবণ (আয়োডিনযুক্ত) ৩.৭০%।		পিঁয়াজ (দেশী) ১৮.৫২%, রসুন (আমদানীকৃত-চায়না) ১০.২৩%, কাঁচামরিচ ১৫.১৫%, রুই মাছ (দেশী) ৬.৬৭%, গরুর মাংস ১.০৬%, মুরগী (সোনালী) ৭.৩১%, মুরগী (ব্রয়লার) ৪.৮৬%, আলু-হল্যান্ড সাদা ৭.১৪%, বেগুন ৪৭.৩৭% ও চিনি (খোলা) ২.০৮%।

অপরিবর্তিত

সরিষার তৈল খোলা ও সয়াবিন তৈল (ক্যান)

বার্ষিক

মূল্য হ্রাস (-) %		মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ১২.৮২%, আটা (পলিপ্যাক) ৫.৭১%, সরিষার তৈল খোলা ৬.০২%, সরিষার তৈল ক্যান ৯.৭১%, পিঁয়াজ (দেশী) ১৫.৭৯%, পিঁয়াজ (আমদানীকৃত) ৩৩.৩৩%, আদা (দেশী) ৪০.৭৮%, আদা (আমদানীকৃত) ৩৬.৪৬%, মুরগী (সোনালী) ৩.২৯%, বেগুন ৬.৬৭% ও মিষ্টিকুমড়া ১৫%।		ডাল মশুর (দেশী) ২৭.৩৬%, ডাল মশুর (আমদানীকৃত) ১৩.৬৪%, রসুন (দেশী) ১৭.৮৬%, রসুন (আমদানীকৃত-চায়না) ১৩৬.৫৯%, কাঁচামরিচ ১১.৭৬%, রুই মাছ (দেশী) ৫.২৬%, গরুর মাংস ১১.৬৬%, আলু-হল্যান্ড সাদা ১৫.৩৮%, লবণ (আয়োডিনযুক্ত) ৩০% ও চিনি (খোলা) ২৮.৯৫%।

অপরিবর্তিত

মুরগী (ব্রয়লার)

ঢাকা বিভাগীয় বাজারদর পর্যালোচনাঃ

মাসিক

মূল্য হ্রাস (-) %		মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ১%, আটা (পলিপ্যাক) ১%, রসুন (দেশী) ৩০% ও মিষ্টিকুমড়া ১৫%।		পিঁয়াজ (দেশী) ২৫%, পিঁয়াজ (আমদানীকৃত) ৩১%, রসুন (আমদানীকৃত-চায়না) ১৪%, আদা (দেশী) ৪৬%, আদা (আমদানীকৃত) ১%, কাঁচামরিচ ১০৪%, মুরগী (ব্রয়লার) ৪%, আলু-হল্যান্ড সাদা ২% ও বেগুন ২২%।

অপরিবর্তিত

ডাল মশুর (দেশী) ও ডাল মশুর (আমদানীকৃত)

বার্ষিক

মূল্য হ্রাস (-) %		মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ১৩%, আটা (পলিপ্যাক) ১০%, পিঁয়াজ (দেশী)		ডাল মশুর (দেশী) ১৮%, ডাল মশুর (আমদানীকৃত) ১৫%, রসুন (দেশী) ২৮%,

১২%, পিঁয়াজ (আমদানীকৃত) ৫%, আদা (দেশী) ৬% ও আদা (আমদানীকৃত) ২৯%।	রসুন (আমদানীকৃত-চায়না) ১১%, কাঁচামরিচ ৪৯%, মুরগী (ব্রয়লার) ১%, আলু-হল্যান্ড সাদা ১০%, বেগুন ৯% ও মিষ্টিকুমড়া ২%।

চট্টগ্রাম বিভাগীয় বাজারদর পর্যালোচনাঃ

মাসিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ৫.২৯% ও রসুন (দেশী) ৩৪.১৫%।	ডাল মশুর (দেশী) ০.৯৮%, ডাল মশুর (আমদানীকৃত) ০.৯০%, পিঁয়াজ (আমদানীকৃত) ০.০৮%, রসুন (আমদানীকৃত-চায়না) ৭.৭৫%, আদা (আমদানীকৃত) ৯.৫২%, কাঁচামরিচ ৪.৯০%, মুরগী (ব্রয়লার) ২%, আলু-হল্যান্ড সাদা ২২.৩৩% ও বেগুন ৫৫.৯৬%।

অপরিবর্তিত

আটা (পলিপ্যাক), পিঁয়াজ (দেশী) , আদা (দেশী) ও মিষ্টিকুমড়া

বার্ষিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ১১.৫২%, আটা (পলিপ্যাক) ৭.১৪%, ডাল মশুর (দেশী) ২২.২০%, ডাল মশুর (আমদানীকৃত) ৩৬.৬৯%, পিঁয়াজ (দেশী) ৩০.৬১%, পিঁয়াজ (আমদানীকৃত) ২৬.২৭%, আদা (দেশী) ৩.৪৭% ও আদা (আমদানীকৃত) ৩৭.৫০%।	রসুন (দেশী) ৬৭.৬১%, রসুন (আমদানীকৃত-চায়না) ১৫৮.৬২%, কাঁচামরিচ ৭.৮৩%, মুরগী (ব্রয়লার) ০.৮৪%, আলু-হল্যান্ড সাদা ২৫%, বেগুন ১.৬৮% ও মিষ্টিকুমড়া ১০.৪৬%।

রাজশাহী বিভাগীয় বাজারদর পর্যালোচনাঃ

মাসিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ২.০২%, আটা (পলিপ্যাক) ২.৭৫%, ডাল মশুর (দেশী) ৩.১১%, রসুন (দেশী) ৩৭.৯৬%, কাঁচামরিচ ১১.৭৫%, মুরগী (ব্রয়লার) ০.৯১% ও মিষ্টিকুমড়া ২০.৭৩%।	ডাল মশুর (আমদানীকৃত) ১.৫০%, পিঁয়াজ (দেশী) ১৮.৭১%, পিঁয়াজ (আমদানীকৃত) ৮.০৩%, রসুন (আমদানীকৃত-চায়না) ১৮.০৫%, আদা (দেশী) ১৫.৩৮%, আদা (আমদানীকৃত) ৩.৮৪%, আলু-হল্যান্ড সাদা ১৩.৬৩% ও বেগুন ১.২৯%।

বার্ষিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
চাল (মাঝারী) ৮.৩৬%, আটা (পলিপ্যাক) ৬.৮১%, পিঁয়াজ (দেশী) ১.১৭%, আদা (দেশী) ০.৮৭%, আদা (আমদানীকৃত) ৪.৮৭%, কাঁচামরিচ ৭.৮০%, মুরগী (ব্রয়লার) ০.৬১%, আলু-হল্যান্ড সাদা ৭.১৪%, বেগুন ৬.৫৭% ও মিষ্টিকুমড়া ৪.৪১%।	ডাল মশুর (দেশী) ২৬.৩৫%, ডাল মশুর (আমদানীকৃত) ১৭.১২%, পিঁয়াজ (আমদানীকৃত) ৫.৫৫%, রসুন (দেশী) ১.৩৬% ও রসুন (আমদানীকৃত-চায়না) ২.২৮%।

খুলনা বিভাগীয় বাজারদর পর্যালোচনাঃ

মাসিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
আটা (পলিপ্যাক) ২.০০%, ডাল মশুর (দেশী) ০.৬২%, ডাল মশুর (আমদানীকৃত) ৩.৮২%, পিঁয়াজ (আমদানীকৃত) ০.১৪%, রসুন (দেশী) ২৫.১৬% আলু-হল্যান্ড সাদা ০.০১% ও মিষ্টিকুমড়া ২৪.৭২%।	পিঁয়াজ (দেশী) ১৭.৪৬%, রসুন (আমদানীকৃত-চায়না) ২৯.২৬%, কাঁচামরিচ ৫১.৩১%, মুরগী (ব্রয়লার) ১.৩৯% ও বেগুন ২৬.৪৩%।

অপরিবর্তিত

চাল (মাঝারী), আদা (দেশী) ও আদা (আমদানীকৃত)

বার্ষিক

মূল্য হ্রাস (-) %	মূল্য বৃদ্ধি (+) %
আটা (পলিপ্যাক) ১০.০৮%, পিঁয়াজ (দেশী) ১৪.২০%, পিঁয়াজ (আমদানীকৃত) ২৫.৬৭%, আদা (আমদানীকৃত) ২৩.৮০%, মুরগী (ব্রয়লার) ২.০৫% ও মিষ্টিকুমড়া ৬.৬৮%।	ডাল মশুর (দেশী) ৩৩.৯৮%, ডাল মশুর (আমদানীকৃত) ২৬.৭৫%, রসুন (দেশী) ৩০.৯০%, রসুন (আমদানীকৃত-চায়না) ১৫০.৪০%, আদা (দেশী) ১১.৭৬%, কাঁচামরিচ ৬৪.৬০%, আলু-হল্যান্ড সাদা ৫.০৭% ও বেগুন ১৩.৩৩%।

স্বাক্ষরিত
(শাহনাজ বেগম নীনা)
উপ-সচিব
উপ-পরিচালক(আরইটিসি)
ফোনঃ ৯১৪০৯৯৫।